# Cologuard®পরীক্ষার মাধ্যমে কোলন ক্যান্সারের রোগনির্ণায়ক পরীক্ষা করুন

## মেডিকেয়ার এবং বেশিরভাগ প্রধান বিমা কোম্পানি Cologuard পরীক্ষা কভার করে।

**$0** অধিকাংশ বিমার আওতাভুক্ত রোগী Cologuard পরীক্ষার জন্য **$0** অর্থপ্রদান করে থাকেন[1]*

**96%** দেশব্যাপী, **96%**-এর বেশি Cologuard রোগীকে রোগনির্ণায়ক পরীক্ষার জন্য নিজের পকেট থেকে কোনো খরচ করতে হয় না[1]*

**আরও জানার জন্য Cologuard.com/insurance দেখুন অথবা 1-844-870-8870 নম্বরে কল করুন।.**

আপনার বিমা কোম্পানিকে সঠিক প্রশ্ন জিজ্ঞাসা করতে আমরা আপনাকে সাহায্য করতে পারি।

অধিকাংশ বিমা প্রদানকারী একটি পজিটিভ Cologuard রোগনির্ণায়ক পরীক্ষার পরে একটি ফলো-আপ কোলনোস্কোপি কভার করে।[2,3†]

**কীভাবে ব্যবহার করবেন ভিডিও: Cologuard.com/use**

## Cologuard পরীক্ষা বাড়িতে ব্যবহার করা সহজ

সম্পূর্ণ বিস্তারিত নির্দেশনা পাবেন **Cologuard** বক্সে

### 1 বসুন



- আপনি প্রস্তুত হলে Cologuard পরীক্ষা ব্যবহার করুন।
- টয়লেটে আপনার সাদা নমুনার পাত্রটি রাখুন।
- টয়লেটে বসুন।

### 2 চেঁছে তুলুন



- সাদা নমুনার পাত্রের মধ্যে পায়খানা করুন।
- কাঠি দিয়ে আপনার মল (পায়খানা) চেঁছে তুলুন এবং কিট থেকে টিউবে রেখে দিন।

### 3 ভিজিয়ে রাখুন এবং বন্ধ করে রাখুন



- তরল প্রিজারভেটিভ দিয়ে নমুনার পাত্রটি পূরণ করুন।
- ভিতরে আপনার নমুনা রেখে বড় পাত্রটি বন্ধ করুন।

### 4 লেবেল ও পাঠানো



- উভয় লেবেল পূরণ করুন।
- UPS® এর মাধ্যমে Exact Sciences-এ এই কিটটি ফেরত পাঠান।

### আপনার নমুনা বিনামূল্যে পাঠান

1. UPS পিকআপের একটি সময় নির্ধারণ করার জন্য **Cologuard.com/UPS** দেখুন বা **1-844-870-8870** নম্বরে কল করুন
2. আপনার কিটটি UPS-এ নিয়ে যান। স্থানীয় স্টোর এবং ড্রপ-অফের সময় দেখার জন্য **Cologuard.com/UPS** দেখুন

*Exact Sciences-এর সাম্প্রতিক অনুমানটি রোগীদের অতীত বিলিংয়ের উপর ভিত্তি করে করা হয়।
†বেশিরভাগ রোগীর ক্ষেত্রে, এটি 1 জানুয়ারি, 2023 থেকে কার্যকর হয় এবং অব্যাহতিপ্রাপ্ত স্থিতি থাকা বাণিজ্যিক প্ল্যানগুলির ক্ষেত্রে প্রযোজ্য হয় না।[2,3]

# আপনার Cologuard® পরীক্ষার ফলাফল



**Exact Sciences আপনার নমুনা পাওয়ার প্রায় 8-10 দিনের মধ্যে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছে আপনার ফলাফলগুলি উপলভ্য হওয়া উচিত।**

Cologuard পরীক্ষা আপনার মলে **পরিবর্তিত DNA** এবং **রক্ত** (ক্যান্সারের লক্ষণ) দেখে[4]

**–** একটি নেগেটিভ ফলাফলের অর্থ হল Cologuard পরীক্ষা ক্যান্সারের সম্ভাব্য লক্ষণ খুঁজে পায়নি। আপনার খুব সম্ভবত কোলোরেক্টাল ক্যান্সার নেই।[4]

**+** একটি পজিটিভ ফলাফলের অর্থ হল Cologuard পরীক্ষা ক্যান্সারের সম্ভাব্য লক্ষণ খুঁজে পেয়েছে। পজিটিভ ফলাফলের অর্থ এই নয় যে আপনার ক্যান্সার আছে[4] আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে একটি অনুসরণমূলক অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করুন।

কিছু লোক মিথ্যা (ভুল) পজিটিভ এবং নেগেটিভ ফলাফল পায়।
রোগনির্ণায়ক পরীক্ষার জন্য পদক্ষেপ সম্পর্কে সর্বদা আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে জিজ্ঞাসা করুন।[4]

আরও তথ্য ও ভিডিও পেতে দেখুন:
**Cologuard.com/UnderstandingResults**

## ব্যবহারের কারণ এবং গুরুত্বপূর্ণ ঝুঁকির তথ্য

Cologuard® এবং Cologuard Plus® পরীক্ষার উদ্দেশ্য হল মলে নির্দিষ্ট কিছু DNA মার্কার এবং রক্ত শনাক্ত করে কোলোরেক্টাল ক্যান্সারের গড়পড়তা ঝুঁকিতে থাকা 45 বছর ও তার বেশি বয়সী প্রাপ্তবয়স্কদের মধ্যে রোগ নির্ণয় করা। আপনার যদি ব্যক্তিগতভাবে কোলোরেক্টাল ক্যান্সার বা প্রি-ক্যান্সারাস পলিপের ইতিহাস থাকে, প্রদাহজনিত অন্ত্রের রোগ (ইনফ্ল্যামেটরি বাওয়েল ডিজিজ) থাকে, কোলোরেক্টাল ক্যান্সার বা নির্দিষ্ট কোনো বংশগত সিন্ড্রোমের ইতিহাস থাকে, অথবা অন্য কোনো কোলন ক্যান্সার নির্ণয় পদ্ধতির সুপারিশকৃত সময়সীমার মধ্যে ওই পরীক্ষার ফলাফল পজিটিভ আসে, তাহলে Cologuard পণ্য ব্যবহার করবেন না। এই পরিস্থিতিগুলোর কোনোটি আপনার ক্ষেত্রে প্রযোজ্য হলে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলুন।

Cologuard পরীক্ষার ফলাফল সতর্কতার সাথে ব্যাখ্যা করা উচিত। উচিত। পরীক্ষার পজিটিভ ফলাফল ক্যান্সারের উপস্থিতি নিশ্চিত করে না। পরীক্ষার পজিটিভ ফলাফল থাকা রোগীদের কোলনোস্কোপির জন্য রেফার করা উচিত। পরীক্ষার নেগেটিভ ফলাফল ক্যান্সারের অনুপস্থিতি নিশ্চিত করে না। পরীক্ষার নেগেটিভ ফলাফল থাকা রোগীদের আবার কখন পরীক্ষা করাতে হবে সেই বিষয়ে তাদের ডাক্তারের সাথে আলোচনা করা উচিত। ভুল পজিটিভ ও ভুল নেগেটিভ ফলাফল ঘটতে পারে। একটি নিদানিক অধ্যয়নে, ক্যান্সার না থাকা 13% মানুষ পজিটিভ ফলাফল (ভুল পজিটিভ) পেয়েছিলেন এবং ক্যান্সারে আক্রান্ত 8% মানুষ একটি নেগেটিভ ফলাফল (ভুল নেগেটিভ) পেয়েছিলেন। শুধুমাত্র প্রেসক্রিপশনের মাধ্যমে উপলভ্য (Rx only)

**তথ্যসূত্র: 1.** Internal Data on File. Exact Sciences. **2.** FAQs about Affordable Care Act Implementation Part 51, Families First Coronavirus Response Act and Coronavirus Aid, Relief, and Economic Security Act Implementation. US Department of Health & Human Services. Published January 10, 2022. Accessed March 30, 2026. https://www.hhs.gov/guidance/document/faqs-about-affordable-care-act-implementation-part-51. **3.** CMS. Calendar year (CY) 2023 Medicare physician fee schedule final rule. Published November 1, 2022. Accessed March 30, 2026. https://www.cms.gov/newsroom/fact-sheets/calendar-year-cy-2023-medicare-physician-fee-schedule-final-rule. **4.** Exact Sciences. 2026. Cologuard Patient Brochure.

EXACT SCIENCES CORPORATION | 5505 Endeavor Lane, Madison, WI 53719
ExactSciences.com | ExactLabs.com | 1-844-870-8870

Cologuard ও Exact Sciences হল Exact Sciences Corporation-এর নিবন্ধিত ট্রেডমার্ক। অন্য সব ট্রেডমার্ক সেগুলির নিজ নিজ মালিকের সম্পত্তি।
© 2026 Exact Sciences Corporation. সর্বস্বত্ব সংরক্ষিত। M-US-CG-06564_Bengali_April 2026

cologuard® by EXACT SCIENCES